**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৫৬

তারিখঃ ১৪ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়ঃ এসএমই উদ্যোক্তাদের জন্য বিএসইসি ও এসএমই ফাউন্ডেশন এর উদ্যোগে " Training on Capital Raising by Public Offer for SME Entrepreneurs" বিষয়ক যৌথ প্রশিক্ষণ আয়োজন।**

২৮ ও ২৯ জুলাই, ২০২৬ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের মাল্টিপারপাস হলে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্ত ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন) এর যৌথ উদ্যোগে দুইদিন ব্যাপী " Training on Capital Raising by Public Offer for SME Entrepreneurs" বিষয়ক যৌথ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষনে ৪০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

এ প্রশিক্ষণ কর্মশালার শুভ উদ্বোধন করেন বিএসইসির কমিশনার মোঃ নাফিজ আল তারিক, সিএফএ, এফআরএম। উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাগণ অর্থনীতির অগ্রগতির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। পুঁজিবাজার থেকে অর্থ সংগ্রহ করে তাদের ব্যবসা কিভাবে বৃদ্ধি করা যায় সে সম্পর্কে এ প্রশিক্ষণ থেকে সুস্পষ্ট ধারণা পাওয়া যাবে। তিনি আরো বলেন, ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসা পরিচালনা করা যায়। তবে তা স্বল্প মেয়াদি এবং নিয়মিত ব্যাংকের সুদাসলসহ ঋণ পরিশোধ করার মানসিক চাপ থাকে। পুঁজিবাজার থেকে কিভাবে পুঁজি সংগ্রহ করে ব্যবসা পরিচালনা করা যায়, সে ব্যাপারে বাস্তব ধারণা নিতে এ প্রশিক্ষণ কর্মশালা উদ্যোক্তাগের জন্য খুবই গুরুত্বপূর্ণ।

এছাড়া কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন এসএমই ফাউন্ডেশনের উপ-ব্যবস্থাপনা পরিচালক ফারজানা খান। মূলত পুঁজিবাজার থেকে অর্থ উত্তোলনের সকল প্রক্রিয়া সম্পর্কে বাস্তবত ধারণা অর্জন করার জন্য এই প্রশিক্ষণের আয়োজন করা হয়। এ প্রশিক্ষণের মাধ্যমে বাস্তব ধারণা অর্জন করে ভবিষ্যতে যাতে পুঁজিবাজারের সাথে সম্পৃক্ত হয়ে দেশের উন্নয়নে অবদান রাখতে পারেন কর্মশালায় সে আহ্বান জানানো হয়েছে। প্রশিক্ষণ শেষে উদ্যোক্তাদের মতামত গ্রহণ করা হলে তারা অবহিত করেছেন যে, তারা এই প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত জ্ঞানের আলোকে অদূর ভবিষ্যতে তাদের প্রতিষ্ঠানগুলোকে পুঁজিবাজারে সম্পৃক্ত করার আগ্রহ প্রকাশ করেন।

প্রশিক্ষণ কর্মশালাটিতে পুঁজিবাজারের সাথে সম্পৃক্ত সকল স্টেকহোল্ডার প্রতিষ্ঠান যেমন: বিএসইসি, ঢাকা স্টক এক্সচেঞ্জ, সিডিবিএল এবং ইস্যু ম্যানেজার এর অভিজ্ঞ প্রশিক্ষকগণ প্রশিক্ষণ প্রদান করেন। দুইদিনের প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করা হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

29/07/2026

মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


SME
FOUNDATION
Traning
On
Capital Raising by Public Offering for SME Entrepreneurs
Date : 28-29 July 2026
Place : Multipurpose Hall, BSEC


Fund Raising through
Capital Market

